

ইতিহাসিক

০০৩

সরকারী প্রাথমিক বিদ্যালয়ে

শিক্ষয়িত্রী নিয়োগ প্রসঙ্গে

অগণিত শহীদের রক্তের
বিনিময়ে অজিত স্বাধীন সার্ব-
ভৌম বাংলাদেশে বিভিন্ন ক্ষেত্রের
নারীর অধিকার শীর্ষক একাধিক
প্রবন্ধ বিভিন্ন পত্রপত্রিকায় পড়ে
আসছি, কিন্তু বাস্তব ক্ষেত্রে সে
অধিকার যে কতটুকু পাচ্ছি তা
একমাত্র ভুক্তভোগীরাই জানেন।
১৯৬০ সনে বাবাকে হারিয়ে
পৈতৃক সম্পত্তি হতে বঞ্চিতা
(মদন মিরাস আইন বলে) হয়ে
তিন ভাই-বোন-মাকে নিয়ে বৃদ্ধ
নানার কাড়ীতে অবস্থান করি।
১৯৭৩ সনে ২য় বিভাগে এস-এস
সি (বিজ্ঞান), ১৯৭৫ সনে ২য়
বিভাগে পি, টি, আই ও উচ্চ
মাধ্যমিক (বিজ্ঞান) পাস করে
১৯৭৭ সনের শেষভাগ পর্যন্ত
বসে আছি। এর মধ্যে ১৭টি
চাকুরীতে ইন্টারভিউ দিয়েছি,
৩ বার প্রাইমারী প্যানেলে অস্ত-
ভুক্ত হয়েছি, ৩ বার এ, ডি, পি,
আই, (প্রাইমারী ডিভিশন)-র
কাছে ধরনা দিয়েছি এবং
বিগত প্যানেলে অস্তভুক্ত হতে
পারিনি। কারণ মৌখিক
পরীক্ষা বলে প্যানেল করা
হয়েছিল। আমাকে তিনটি প্রশ্ন
করা হয়েছিল। আমি তার
উত্তর সঠিক দিয়েও প্যানেল
পুলসীর্ষত পার হতে পারিনি।
একবার বরিশাল ইরিগেশন
প্রজেক্টে নির্বাচিত হয়ে প্যানেল-
ভুক্ত হই কিন্তু চাকুরীভুক্ত হতে
পারিনি। কারণ প্যানেল করা
সত্ত্বেও ওখানে কোন মেয়েকে
নিয়োগ করা হবে না। অবশ্য
কয়েকদিন আগে সে অফিসে
মেয়ে কর্মীকে দেখলাম। তাছাড়া
প্রাথমিক বিদ্যালয়ের প্যানেল-

ভুক্তির পূর্বশর্ত ছিল এস-এস-সি
দ্বিতীয় বিভাগসহ পি টি আই
ডিগ্রীধারী। কিন্তু জানি না, কি
আজব রহস্যে জনৈক লাবণ্য-
লতাকে (নন পি, টি, আই,
এস-এস-সি ৩য় বিভাগে) প্যানে-
লের শেষ প্রান্তে রেখে সবার
আগে তাকে চাকুরী দেওয়া
হলো।

আর আজ আমি কোথাও
কোন সঙ্গতি করতে না পেরে
বরিশাল মহিলা কলেজে বি,
এস সি ৪র্থ বর্ষে পড়ছি। তবে
পরীক্ষা হয়তো দিতে পারব না।
কারণ এই কলেজে মাত্র ২৮,০০
টাকা দিয়ে ভর্তি হয়েছি। তাছাড়া
কলেজটি অনতিবিলম্বে সরকারী
হয়ে যাচ্ছে। যেদিন কলেজটি
সরকারী হবে তার পরদিন মাইনে
দিতে না পারার অপরাধে
আমার নাম কাটা যাবে।
গরীব দেনাদায়গ্রস্ত (কারণ ২টি
মেয়ের বিয়ে দেয়াসহ ৫টি অস-
হায়া বাপহারা মেয়েকে টানতে
হয় বলে) বেসরকারী অধ্যা-
পক আমার কাছে আছেন
আছি। তবে পরীক্ষা না দিতে
পারলে বা চাকুরী না হলে
হয়ত থাকবো না কারণ বিনা
টিকিৎসায় আমার মা যেমন
মৃত্যুপথযাত্রী, বোনটাকে নাসিং-
এ ভর্তি করিয়েছি, ভাইটা ৫১৭
পেয়ে এস, এস, সিতে ৩য়
বিভাগ পেল তাই তাকে আবার
পরীক্ষা দিতে বলেছি। আমার
কি হবে বলতে পারেন—আমি
জীবন-জিজ্ঞাসার উত্তর না পেয়ে
ধুকেধুকে মরছি।

—জাহানারা বেগম, ক্রমিক নং
১০ শেষবর্ষ, বি, এস, সি ক্লাস,
বরিশাল মহিলা কলেজ, বরি-
শাল।

২৫/১/৭৭
২...কলাম...৭...